

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২৩

১/ বিবিধ

আরবী

من أحسن منكم أن يتكلم بالعربية فلا يتكلمن بالفارسية، فإنه يورث النفاق
موضوع

رواه الحاكم (4 / 87) من طريق عمر بن هارون: حدثنا أسامة بن زيد الليثي عن نافع عن ابن عمر مرفوعا. سكت عليه الحاكم ورده الذهبي بقوله: " عمر كذبه ابن معين، وتركه الجماعة ". وقد سود السيوطي " جامعه " بهذا الحديث، فتعقبه الشارح بكلام الذهبي هذا، ثم قال: فكان ينبغي للمصنف حذفه، وليته إذ ذكره بين حاله

বাংলা

৫২৩। তোমাদের মধ্য হতে যে ব্যক্তি উত্তমরূপে আরবী ভাষায় কথা বলতে পারে সে যেন ফার্সি ভাষায় কথা না বলে। কারণ তা নেফাকের অধিকারী করে দেয়।

হাদীছটি জাল।

এটি হাকিম (৪/৮৭) উমর ইবনু হারুণ সূত্রে উসামা ইবনু যায়েদ আল-লাইছী হতে তিনি নাফে হতে তিনি ইবনু উয়ার (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। হাকিম হাদীছটির ব্যাপারে চুপ থেকেছেন আর ইমাম যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ উমরকে ইবনু মাস্ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন এবং তাকে একদল পরিত্যাগ করেছেন।

সুয়ূতী তার “আল-জামে”-তে এ হাদীছটি উল্লেখ করার মাধ্যমে গ্রন্থটিকে কালিমালিগু করেছেন। এ কারণে তার ভাষ্যকার মানারী ইমাম যাহাবীর কথা উল্লেখ করে তার সমালোচনা করে বলেছেনঃ লেখকের উচিত ছিল হাদিসটিকে ফেলে দেয়া অথবা তার প্রকৃত অবস্থা তুলে ধরে ব্যাখ্যা প্রদান করা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71402>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন